

## 🔳 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২:২৭৭

## **আ** আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ أَمَنُوا وَ عَمِلُوا الصَّلِحُتِ وَ اَقَامُوا الصَّلُوةَ وَ أَتَوُا الزَّكُوةَ لَهُم اَجَرُهُم عِندَ رَبِّهِم وَ لَا خَوفٌ عَلَيهِم وَ لَا هُم يَحزَنُونَ ﴿٢٧٧﴾

## 

নিশ্চয় যারা ঈমান আনে ও নেক আমল করে এবং সালাত কায়েম করে, আর যাকাত প্রদান করে, তাদের জন্য রয়েছে তাদের রবের নিকট প্রতিদান। আর তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। — আল-বায়ান যারা ঈমান আনে, সৎকাজ করে, নামায কায়িম করে এবং যাকাত আদায় করে, তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট সওয়াব নির্ধারিত আছে। তাদের কোন ভয় নেই, তারা চিন্তিতও না। — তাইসিরুল

নিশ্চয়ই যারা ঈমান আনে এবং সৎ কার্যাবলী সম্পাদন করে, সালাতকে প্রতিষ্ঠিত রাখে ও যাকাত প্রদান করে, তাদের জন্য তাদের রবের নিকট পুরষ্কার রয়েছে; এবং তাদের কোনো আশংকা নেই এবং তারা দুঃখিত হবেনা।

— মুজিবুর রহমান

Indeed, those who believe and do righteous deeds and establish prayer and give zakah will have their reward with their Lord, and there will be no fear concerning them, nor will they grieve. — Sahih International

২৭৭. নিশ্চয়ই যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে, সালাত প্রতিষ্ঠা করেছে এবং যাকাত দিয়েছে, তাদের প্রতিদান রয়েছে তাদের রব-এর নিকট। আর তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না।

তাফসীরে জাকারিয়া

(২৭৭) যারা বিশ্বাস করে এবং সৎকার্য করে, নামায যথাযথভাবে আদায় করে এবং যাকাত প্রদান করে, তাদের পুরস্কার তাদের প্রতিপালকের নিকট আছে। তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখও পাবে না।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=284

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন